গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৪.৩২.০৬০.১৪-২৪৭১ তারিখঃ ১২/১২/২০২১খ্রিঃ।

বিষয় ঃ মহান বিজয় দিবস-২০২১, বিজয়ের সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয় সরকার বিভাগ এবং আওতায়ধীন দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত ভার্চুয়াল সভার কার্যবিবরণী প্রসঙ্গে।

সূত্র ঃ স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-১৩৩০ তারিখঃ ০৯.১২.২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে মহান বিজয় দিবস-২০২১,বিজয়ের সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয় সরকার বিভাগ এবং আওতায়ধীন দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত ভার্চুয়াল সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০৫(পাঁচ) ফর্দ।

(ফারজানা মান্নান)
উপ সচিব
ফোনঃ ৯৫৭৫৫৭২

মেয়র/প্রশাসক (সকল)
....................... পৌরসভা
জেলাঃ....................... ।

অনুলিপি ঃ-

১। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২। একান্ত সচিব, সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্থানীয় সরকার বিভাগ(ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।
৪। অফিস কপি।

Seen
২১/১২/২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

Bangladesh

মুজিব শতবর্ষ

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

বিষয় : মহান বিজয় দিবস ২০২১, বিজয়ের সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে Zoom Apps – এর মাধ্যমে অনুষ্ঠিত ভার্চুয়াল সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ।

তারিখ : ০৯ /১২/২০২১ খ্রি.

সময় : দুপুর ০২.৩০ ঘটিকা

সভার প্রারম্ভে সভাপতি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যার জন্ম না হলে বাংলাদেশ স্বাধীন হতো না। ১৯৭১-এ তাঁরই আহবানে সাড়া দিয়ে সমগ্র বাঙালি জাতি মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করে দীর্ঘ নয় মাস সশস্ত্র যুদ্ধে সীমাহীন ত্যাগ এবং অসীম বীরত্ব প্রদর্শন করে মহান বিজয় অর্জন করে। তিনিই একমাত্র নেতা যিনি স্বাধীনতার স্বপ্ন দেখেছেন দেশের জনগণকেও স্বপ্ন দেখিয়েছেন এবং স্বাধীন বাংলাদেশের স্বপ্ন বাস্তবায়ন করেছেন। তিনি ৩০ লক্ষ শহিদ এবং ২ লক্ষের অধিক মা বোনের পরম ত্যাগের কথা গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। এছাড়া জাতীয় চার নেতা ও মুক্তিযুদ্ধের সংগঠনদের অবদানের কথা তিনি শ্রদ্ধাভরে স্বরণ করেন। মহান বিজয় দিবস ২০২১, বিজয়ের সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষ উদযাপন উপলক্ষে যথাযোগ্য মর্যাদায় সুন্দর, সুষ্ঠু, পরিবেশে উদযাপনের লক্ষ্যে বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| নং | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। | মহান বিজয় দিবস ২০২১ উপলক্ষ্যে ১৬/১২/২০২১ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে নতুন/পরিচ্ছন্ন জাতীয় পতাকা উত্তোলন। দৃশ্যমান উচু ভবনসমূহে বাংলাদেশের বৃহদাকারের পতাকা উত্তোলন। | স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান; |
| ২। | গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/ স্থাপনাসমূহে আলোকসজ্জা। | স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান; |
| ৩। | ঢাকা এবং দেশের বিভিন্ন শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপ এবং বিভিন্ন স্থাপনাসমূহে জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিতকরণ। | স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান |
| ৪। | কুচকাওয়াজ অনুষ্ঠানে মন্ত্রণালয় ভিত্তিক উন্নয়নমূলক কার্যক্রমের যান্ত্রিক বহর সুশৃঙ্খলভাবে প্রদর্শনী সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানে অংশগ্রহণ | স্থানীয় সরকার বিভাগ, এলজিইডি, ডিপিএইচই, ঢাকা ওয়াসা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। |

| নং | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৫। | দেশের সকল সিটি কর্পোরেশনসহ অন্যান্য দপ্তর/সংস্থা পানির ফোয়ারাসমূহ সকাল ও সন্ধ্যায় চালু রাখার ব্যবস্থা করবে। | • এলজিইডি<br>• ডিপিএইচই<br>• ঢাকা ওয়াসা<br>• সিটি কর্পোরেশন (সকল) |
| ৬। | সিটি কর্পোরেশনসমূহ শহীদ ও বীর মুক্তিযোদ্ধা এবং শহীদ পরিবারের সদস্যদের সংবর্ধনা জ্ঞাপন করবেন, তবে স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক 'বীর মুক্তিযোদ্ধা ও শহীদ পরিবারের সদস্যগণের সংবর্ধনা' অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করবে। | সিটি কর্পোরেশন (সকল) |
| ৭। | (ক) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে স্থাপিত ডিজিটাল বিলবোর্ড ও ইলেক্ট্রনিক বিলবোর্ডের মাধ্যমে মহান বিজয় দিবস ২০২১, বিজয়ের সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে ব্যাপক প্রচার করতে হবে। এছাড়া নিজস্ব ভবনে মহান বিজয় দিবসের ড্রপ ওয়াল ব্যানার প্রদর্শন করতে হবে।<br>(খ) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ (সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ) Webpage ও Facebook এর মাধ্যমে মহান বিজয় দিবসের On line পোষ্টার প্রদর্শন/প্রচারসহ মহান বিজয় দিবসের কর্মসূচি বহুল প্রচারের ব্যবস্থা করবে। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |
| ৮। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন ঢাকাস্থ দপ্তর/সংস্থার কর্মকর্তাগণ এবং স্থানীয় সরকার বিভাগের কর্মকর্তাগণকে নিয়ে মহান বিজয় দিবস ২০২১, বিজয়ের সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে স্ব শরীরে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় উপস্থিত থাকবেন। মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে আলোচনাপূর্বক সভার তারিখ ও সময় নির্ধারণ করা হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ৯। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত কর্মসূচিতে জেলা পরিষদ ও পৌরসভার অংশগ্রহণসহ দেশের সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস পালনের জন্য জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |

| নং | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| | ও সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে বাস্তবায়ন করবে। মহান বিজয় দিবসের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহারকে অগ্রাধিকার দিতে হবে।<br>খ) স্ব স্ব অনুবিভাগ এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং গৃহীত কর্মসূচি বাস্তবায়নের বিষয়টি তদারকি করবে। | স্থানীয় সরকার বিভাগের সকল অনুবিভাগ |
| ১০। | ক) ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে মহান বিজয় দিবস উপলক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ বিজয় দিবসের তাৎপর্য- শীর্ষক আলোচনা সভার আয়োজন করবে।<br>খ) এছাড়া কেন্দ্রীয়ভাবে ভার্চুয়ালী (অনলাইন) জাতির পিতার জন্মশতবার্ষিকী ও বিজয়ের সুবর্ণজয়ন্তীতে বাংলাদেশের অর্জন- শীর্ষক আলোচনা সভার আয়োজন করা হবে। উক্ত ভার্চুয়াল আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি উপস্থিত থাকবেন। মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে আলোচনা করে ভার্চুয়াল আলোচনা সভার তারিখ ও সময় নির্ধারণ করা হবে। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ<br>স্থানীয় সরকার বিভাগ |
| ১১। | জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে এবং মুক্তিযুদ্ধে শহীদ/ আত্মদানকারী/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের জন্য মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে সুবিধাজনক সময়ে মোনাজাত/প্রার্থনা করবে। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |
| ১২। | জাতীয় স্মৃতিসৌধের সম্মুখের সীমানা প্রাচীরের সাথে অবস্থিত দোকানপাট এবং বাসস্ট্যান্ড দ্রুত অপসারণ করতে হবে। লেকের পানি নিয়মিত পরিষ্কার করা এবং প্রয়োজনীয় মেরামত ও সংস্কারসহ পরিস্কার-পরিচ্ছন্নতার কাজ চলমান রেখে নির্ধারিত সময়ের পূর্বেই সকল কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। ঢাকা-সাভার স্মৃতিসৌধের রাস্তা সংস্কার, মেরামত, রং করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঢাকা হতে সাভার স্মৃতিসৌধ পর্যন্ত রাস্তার পাশে পোষ্টার, ফেস্টুন, ব্যানার ও ওভারহেড তোরণ নির্মাণ করা যাবে না। স্থানীয় সরকার বিভাগ হতে এ বিষয়ে পত্র দিতে হবে। | • স্থানীয় সরকার বিভাগ<br>• ঢাকা উত্তর সিটি কর্পোরেশন<br>• জেলা পরিষদ, ঢাকা<br>• সাভার পৌরসভা |

| নং | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১৩। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক আগামী ১৬ই ডিসেম্বর বিকাল ৪.৩০ মিনিটে বাংলাদেশ জাতীয় সংসদের দক্ষিণ প্লাজা হতে দেশব্যাপী সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষে শপথ অনুষ্ঠানের আয়োজন করা হবে। উক্ত অনুষ্ঠানটি পরিচালনা করবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা। উক্ত অনুষ্ঠানটি সুষ্ঠু ও সফলভাবে আয়োজনের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের নির্দেশনাসমূহ নিম্নরূপঃ<br>১) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ তথা সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ তাদের স্ব-স্ব অধিক্ষেত্রে সংশ্লিষ্ট প্রশাসনের সমন্বয়ে আয়োজিতব্য শপথ অনুষ্ঠানে সক্রিয় অংশগ্রহণ ও সার্বিক সহযোগিতা প্রদান করবে।<br>২) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ উৎসবমুখর পরিবেশে বিপুল অংশগ্রহণের মাধ্যমে অনুষ্ঠানটি আয়োজন করবে।<br>৩) শপথ অনুষ্ঠানটি আয়োজনের ক্ষেত্রে বিদ্যমান COVID-19 পরিস্থিতি বিবেচনায় সকল অংশগ্রহণকারীকে মাস্ক পরিধান ও কোভিড-১৯ স্বাস্থ্যবিধি প্রতিপালনের বিষয়টি নিশ্চিত করতে হবে;<br>৪) শপথ অনুষ্ঠানে অংশগ্রহণকারীগণ ছোট আকারের (১০ ইঞ্চি × ০৬ ইঞ্চি) জাতীয় পতাকাযুক্ত পতাকা দন্ড হাতে শপথ বাক্য পাঠ করতে হবে।<br>৫) অনুষ্ঠানে অংশগ্রহণকারী কর্তৃক পরিধেয় মাস্কের ডিজাইনের সফট কপি জাতীয় বাস্তবায়ন কমিটি হতে সংগ্রহপূর্বক নির্ধারিত ডিজাইনের আলোকে স্থানীয়ভাবে মাস্ক তৈরি করে অনুষ্ঠানে উপস্থিত সকলকে পরিধান করতে হবে।<br>৬) মূল ডিজাইনটি মাস্কের বাম পার্শ্বে ব্যবহৃত হবে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে তাদের নিজস্ব লোগো/নাম (প্রযোজ্য ক্ষেত্রে) ডান পাশে ব্যবহার করতে হবে। | • স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |

সভাপতি মহান বিজয় দিবস ২০২১, বিজয়ের সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য সকলকে অনুরোধ করেন এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলের প্রতি আহবান জানান। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

০৯/১২/২০২১

হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ

পত্র সংখ্যা- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০১৩. ২০১৬-১৩৩০/১(১০) তারিখঃ ২৪ অগ্রহায়ণ ১৪২৮ / ০৯ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ-

বিতরণ (স্থানীয় সরকার বিভাগ):

১। অতিরিক্ত সচিব (সকল অনুবিভাগ)/মহাপরিচালক(পমূপ), স্থানীয় সরকার বিভাগ।
২। অতিরিক্ত সচিব (উপজেলা /ইউনিয়ন পরিষদ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।
৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)।
৪। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৫। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
৭। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৯। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।
১০। সহকারী সচিব(সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা:

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর/সিলেট/গাজীপুর সিটি কর্পোরেশন।
৪। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/খুলনা ওয়াসা/চট্রগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্রগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/রংপুর/ ময়মনসিংহ সিটি কর্পোরেশন।

০৯/১২/২০২১

এ কে এম মিজানুর রহমান
উপসচিব
ফোন- ৯৫৪৬৬৭৭
E-mail: lgadmin1@lgd.gov.bd